# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

CASE STUDY TEST(2025-26)

CLASS : V

BEGALI

Time : 40 minutes M.M - 14

---

**কেস স্টাডি -১**

**১। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো-** **১ x ৭ = ৭**

আমার বেশ মনে আছে, ছেলেবেলায় রাস্তায় কেউ সাইকেলে চলে গেল, আমরা ছুটোছুটি করে দেখতে যেতাম, আর মনে করতাম ভারি একটা অদ্ভুত জিনিস দেখেছি। এখন কলকাতার রাস্তা দিয়ে সাইকেল, মোটর সাইকেল, নানারকম মোটর গাড়ি, ইলেকট্রিক ট্রাম এইসব কত যে যাচ্ছে তার ঠিকানাই নাই। এইসব দেখে দেখে এখন পুরনো হয়ে গিয়েছে। এমনকি মাথার উপর দিয়ে এরোপ্লেন উড়ে গেলেও লোকে আর তেমন ব্যস্ত হয়ে ফিরে তাকায় না । দু-চারশো বছর আগেকার একটা মানুষকে যদি হঠাৎ আজকালকার কোনো বড় শহরের রাস্তায় ছেড়ে দেওয়া যায়, তাহলে সে যে কিরকম আশ্চর্য হয়ে যাবে তা সহজেই বুঝতে পারো; কিন্তু আমাদের মতো একালের কোনো শহুরে মানুষ যদি হঠাৎ সেই সময়কার শহরের মধ্যে গিয়ে পড়ে, তাহলে তার কাছেও সেটা কম অদ্ভুত ঠেকবে না। অন্য শহরের কথা ছেড়েই দিলাম, এত যে বড় লন্ডন শহর কয়েক শত বছর আগে তার যেরকম দুরবস্থা ছিল তা শুনলে অবাক হয়ে যেতে হয়। শহরের রাস্তাগুলো ছিল উঁচু-নীচু, রাতে বাতি জ্বলে না, গাড়ি ঘোড়ার চল নাই, চোর ডাকাতের ভয়ে লোকে সন্ধ্যার পর বাড়ি থেকে বেরোতে সাহস পায় না। সে সময় শহরে দু-দশ জন বড়লোক ছাড়া কারও গাড়ি চড়বার উপায় ছিল না ।

(আদ্যিকালের গাড়ি-সুকুমার রায়)

**প্রশ্নমালা :**

i) দুই চাকায় চলে এরকম একটি যানবাহনের উদাহরণ হল - অটো / টোটো / সাইকেল / মারুতি ।

ii) আলোচ্য অংশে ‘আমি’ বলতে কার কথা বোঝানো হয়েছে?
উপেন্দ্র কিশোর রায়চৌধুরী / সুকুমার রায় / কাজী নজরুল ইসলাম / দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার ।

iii) তখনকার দিনে শহরে কী দেখা যেত না ?
রাতে বাতি জ্বলা / গাড়ি ঘোড়ার চল না থাকা / আধুনিক উন্নতমানের রাস্তা / উঁচু-নীচু রাস্তা ।

iv) মন্তব্য : সে সময় মধ্যাহ্নের পর লোক বাড়ি থেকে বেরোতে সাহস পেত না ।
কারণ : সে সময় রাস্তায় চোর ডাকাতের ভয় ছিল ।
মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

v) মন্তব্য : এইসব দেখে দেখে এখন পুরোনো হয়ে গিয়েছে।
কারণ : শহরের রাস্তায় রকমারি যান চলাচল আজ আর নতুন নয়।
মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

vi) এখনকার দিনে কী দেখলে মানুষ আর তেমন ব্যস্ত হয়ে ফিরে তাকায় না ?
উঃ- ..........................................................................................।

vii) পরিবেশ বান্ধব একটি যানবাহনের উদাহরণ লেখো ।
উঃ- ..........................................................................................।

কেস স্টাডি -২

**২। নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখো- ১ x ৭ = ৭**

বারো বছর হল, তবু শম্ভুর মন থেকে ভয় যায় না। বনের ধারে শম্ভুর দাদুর ঘর, তার চারদিকটি ভয় দিয়ে ঘেরা । দিনের বেলাতে বনের ভিতের ছায়া ছায়া সড়াৎ সড়াৎ , নিঝুম চুপচাপ। সারারাত বনের মধ্যে কীসের চলাচলের শব্দ খসখস, ফসফস, মটমট, ফোঁসফোঁস। পাতার ফাঁক দিয়ে বাতাস বয় শোঁ শোঁ। চোখে কিছু দেখা যায় না, সব অন্ধকারের আলকাতরা মেখে অদৃশ্য হয়ে থাকে; তারই মধ্যে মাঝে মাঝে এক এক জোড়া চোখ। জ্বলে ওঠে দপ্ করে, লাল, সবুজ, নীল তার রং। আর শম্ভু ভয়ে কাঠ হয়ে যায়। গাছের ডালে কীসের যেন ডানা ঝাপটায় ঝপুড় ঝুপুড়। শম্ভু দু-কানে আঙুল দিয়ে মাথার ওপরে চাদর টেনে চুপ করে শুয়ে থাকে। দাদুর কথায় ভয় ভাঙে না।

প্রশ্নমালা :

i) শম্ভুর কত বয়স ছিল ?

দশ বছর / এগারো বছর / বারো বছর / তেরো বছর ।

ii) শম্ভুর দাদুর ঘর কোথায় ছিল ?

গ্রামের মাঝে / নদীর ধারে / বনের ধারে / পাহাড়ের উপর ।

iii) দিনের বেলায় বনের পরিবেশ কেমন ছিল ?

খুব কোলাহলপূর্ণ / ছায়া ছায়া ও নিঝুম / আলো ঝলমলে / খুব শীতল।

iv) মন্তব্য : শম্ভু রাতে নিশ্চিন্তে ঘুমতে পারত ।

কারণ : বনের শব্দ ও অন্ধকার তার কাছে পরিচিত ছিল ।

মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

v) মন্তব্য : শম্ভু দিনে নানা রকম শব্দ শুনত।

কারণ : বনের মধ্যে খসখস, ফসফস, ঝাপুড় ঝুপুড় ইত্যাদি শব্দ শোনা যেত ।

মন্তব্য ঠিক, কারণ ঠিক / মন্তব্য ঠিক, কারণ ভুল / মন্তব্য ভুল, কারণ ঠিক / মন্তব্য ও কারণ উভয়ই ভুল।

vi) অন্ধকারে শম্ভু কী দেখতে পেত বলে মনে করত?

উ:- ..............................................................................................................................।

vii) ভয় পেলে শম্ভু কী করত ?

উ:- ..............................................................................................................................।